কালের কণ্ঠ

তারিখ ... 19 AUG 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# সব বিশ্ববিদ্যালয়েই বাংলা বিভাগ থাকা উচিত

## এনইউবিতে কালের কণ্ঠ সম্পাদক

নিজস্ব প্রতিবেদক ▷

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে আসনসংখ্যা কম থাকায় দিন দিন বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থী সংখ্যা বাড়ছে। কিন্তু এই বিশ্ববিদ্যালয়গুলোতে প্রায় সব ধরনের বিভাগ থাকলেও বাংলা নেই বললেই চলে। ফলে উচ্চশিক্ষা সম্পন্নকারীদের একটা বড় অংশ বাংলা গল্প, কবিতা, প্রবন্ধ সম্বন্ধে জানতে পারছে না। এমনকি বাংলার সংস্কৃতিও তারা ভুলতে বসেছে। এ অবস্থায় দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ (এনইউবি) বাংলা বিভাগ খোলার সিদ্ধান্ত নিয়েছে। জনপ্রিয় কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলনের এক প্রস্তাবে এনইউবিতে এই বাংলা বিভাগ খোলার সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল মঙ্গলবার এনইউবিতে আন্তবিভাগীয় বিতর্ক প্রতিযোগিতা-২০১৫ এর ফাইনাল রাউন্ড অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন জনপ্রিয় কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন। সেখানেই তিনি বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। সব বিশ্ববিদ্যালয়েই এই বিভাগ থাকা উচিত বলে মত দেন তিনি এবং এনইউবিতে বাংলা বিভাগ খোলার প্রস্তাব দেন। এই প্রস্তাবে সঙ্গে সঙ্গেই সম্মতি জানান বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আব্দুল্লাহ। আগামী সপ্তাহেই বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) বাংলা বিভাগ খুলতে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেবেন বলে অনুষ্ঠানস্থলেই তিনি ঘোষণা দেন। এ ছাড়া ইমদাদুল হক মিলনের জনপ্রিয় উপন্যাস 'নূরজাহান' নিয়েও একটি প্রতিযোগিতা অনুষ্ঠানের ঘোষণা দেওয়া হয়।

অধ্যাপক আবু ইউসুফ মো. আব্দুল্লাহ বলেন, 'বিতর্ক প্রতিযোগিতার উপকারিতা বলে শেষ করা যাবে না। তবে বিষয় অবশ্যই সমসাময়িক হতে হবে। আর এটা ক্লাসরুমেরই একটা অংশ।

বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন সিএসই বিভাগ ও রানার্স-আপ এলএলবি বিভাগের প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন কালের কণ্ঠ সম্পাদক। সবশেষে কালের কণ্ঠের শুভসংঘের নর্দান বিশ্ববিদ্যালয় শাখার উদ্বোধন করেন ইমদাদুল হক মিলন।